**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ভূমি মন্ত্রণালয়**
**সায়রাত-১ অধিশাখা**
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০০১.২৬.**১০১** তারিখ: ০২ ফাল্গুন ১৪৩২ / ১৫ ফেব্রুয়ারি ২০২৬

**বিষয়: উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে বা সাধারণ আবেদনে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে যেসকল সরকারি (বদ্ধ) জলমহাল অনলাইনে ইজারা হয়নি বা হবে না, সেক্ষেত্রে জেলা ও উপজেলা থেকে সাধারণ আবেদনে ইজারা প্রদান।**

সূত্র : গত ২৬ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৮৯(উননব্বই)তম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৮৯(উননব্বই)তম সভায় উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে বা সাধারণ আবেদনে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে যেসকল সরকারি (বদ্ধ) জলমহাল অনলাইনে ইজারা হয়নি বা হবে না, সেক্ষেত্রে জেলা ও উপজেলা থেকে সাধারণ আবেদনে ইজারা প্রদানেরর বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

"**(ক)** সরকারি জলমহাল ইজারা প্রদানেরর জন্য অনলাইনে পুনরায় ইজারা বিজ্ঞপ্তি আহ্বানের আপাততঃ যেহেতু সুযোগ নেই, সেহেতু ১৪৩৩-১৪৩৮ বঙ্গাব্দ মেয়াদে উন্নয়ন প্রকল্পের আওতায় এবং সাধারণ আবেদনে জেলা ও উপজেলা থেকে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে অনলাইনে যেসকল জলমহাল ইজারা হয়নি বা হবেনা এবং উন্নয়ন প্রকল্পে সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটি কর্তৃক অনুমোদন প্রাপ্ত হবে না, সে জলমহালগুলো সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯-এর অনুচ্ছেদ-৫ ও অনুচ্ছেদ-৬ এবং সংশ্লিষ্ট অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক ম্যানুয়াল পদ্ধতিতে ইজারা প্রদানেরর নিমিত্ত জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**(খ)** যেসকল জলমহাল যৌক্তিক কারণে ইজারা প্রদান করা যাবে না, সেসকল জলমহাল থেকে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯-এর ১৬ অনুচ্ছেদ মোতাবেক খাস আদায় করতে হবে।"

২। এমতাবস্থায়, সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৮৯(উননব্বই)তম সভার সিদ্ধান্ত অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত
মোঃ রুহুল আমীন
উপসচিব
ফোন+৮৮-০২-৫৫১০১২৩১
e-mail: sairat1@minland.gov.bd

জেলা প্রশাসক
যশোর/বগুড়া/রাজশাহী/পাবনা/পটুয়াখালী/ভোলা/ফরিদপুর/ঝিনাইদহ/কুড়িগ্রাম/দিনাজপুর/ময়মনসিংহ/ নেত্রকোণা/ সাতক্ষীরা/ গাইবান্ধা/চাঁদপুর/শেরপুর/ ব্রাহ্মণবাড়িয়া/বাগেরহাট/ মাগুরা/ চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০০১.২৬.**১০১/১(১৫)** তারিখ: ০২ ফাল্গুন ১৪৩২ / ১৫ ফেব্রুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতির জন্য ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ):**

১. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/ময়মনসিংহ।
৪. যুগ্মসচিব (সায়রাত অনুবিভাগ), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৬. সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. জনসংযোগ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অফিস কপি/মাষ্টার কপি।

মোঃ রুহুল আমীন
উপসচিব